



নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

Noakhali Science and Technology University : NSTU

নোয়াখালী-৩৮১৪

Phone : 880-321-62812  
Fax : 880-321-62788  
Mobile : 880-01733998894  
E-mail : [pronstu@gmail.com](mailto:pronstu@gmail.com)  
Website : [www.nstu.edu.bd](http://www.nstu.edu.bd)

জনসংযোগ ও  
প্রকাশনা দপ্তর

শিক্ষা নিয়ে গড়বো দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ



নোবিপ্রবি/জনসংযোগ/সংবাদ বিজ্ঞপ্তি/২০২৪/১৮৫৩

৩০ জুলাই ২০২৪

### সংবাদ বিজ্ঞপ্তি

## নিহতদের স্মরণে নোবিপ্রবিতে শোক পালন

দেশব্যাপী কোটা সংস্কার আন্দোলনে নিহতদের স্মরণে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) শোক পালন করা হয়েছে। রাষ্ট্রীয় কর্মসূচির অংশ হিসেবে এ উপলক্ষে আজ মঙ্গলবার (৩০ জুলাই ২০২৪) বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদে দোয়া এবং উপাসনালয়ে বিশেষ প্রার্থনার আয়োজন করা হয়। দোয়ায় নোবিপ্রবির মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম, উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল বাকী, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর, রেজিস্ট্রার মোহাম্মদ জসীম উদ্দিনসহ শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ অংশ নেয়। এছাড়া আন্দোলনে নিহতদের স্মরণে এদিন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ কালো ব্যাজ ধারণ করে।

ইফতেখার হোসাইন

সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

মোবাইলঃ ০১৭৩৩৯৯৮৮৭৪